مكتبة الفرقان

# ছোটদের জায়নামায


**মাওলানা জুবায়ের হুসাইন ফয়জী**
ইমাম ও খতিব, পুলিশ লাইন্স জামে মসজিদ, মানিকগঞ্জ
পরিচালক, নূরে রওশন বালিকা মাদরাসা, মানিকগঞ্জ



MAKTABATUL FURQAN
PUBLICATIONS
ঢাকা, বাংলাদেশ

নামায শিক্ষা | ছোটদের জায়নামায

**মাকতাবাতুল ফুরকান** কর্তৃক প্রকাশিত
১১/১ ইসলামী টাওয়ার (প্রথম তলা)
বাংলাবাজার, ঢাকা-১১০০
www.islamibooks.com
maktabfurqan@gmail.com
+৮৮০১৭৩৩২১১৪৯৯

গ্রন্থস্বত্ব © ২০২০ মাকতাবাতুল ফুরকান

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত ব্যবসায়িক উদ্দেশ্যে বইটির কোনো অংশ স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা কিংবা ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং দণ্ডনীয় অপরাধ।

দ্যা ব্ল্যাক, ঢাকা, বাংলাদেশ এ মুদ্রিত; +৮৮০১৭৩০৭০৬৭৩৫
দ্বিতীয় সংস্করণ ও দ্বিতীয় প্রকাশ : ১০ ডিসেম্বর ২০২০
প্রথম প্রকাশ : ১৫ মুহাররম ১৪৪২ / ৪ সেপ্টেম্বর ২০২০
প্রচ্ছদ : কাজী যুবাইর মাহমুদ
প্রুফ সংশোধন : জাবির মুহাম্মদ হাবীব

ISBN : 978-984-94929-3-1
মূল্য : ৳ ১৬০.০০ (এক শত ষাট টাকা মাত্র) USD 5.00

অনলাইন পরিবেশক
www.islamibooks.com; www.rokomari.com
www.wafilife.com



بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

একটি ঘরের জন্য বেশ কিছু খুঁটির প্রয়োজন হয়। যদি একটি খুঁটি ভেঙে যায় তাহলে ঘরটি দুর্বল হয়ে পড়ে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, নামায ইসলামের খুঁটি। যে ব্যক্তি তা প্রতিষ্ঠা করে, সে ইসলামকেই প্রতিষ্ঠা করে। আর যে ব্যক্তি তা ধ্বংস করে, সে ইসলামকেই ধ্বংস করে।

**ইসলামের খুঁটি পাঁচটি**। যদি ইসলামের একটি খুঁটি কেউ ভেঙে ফেলে (আমল না করে), তাহলে ইসলামের প্রভাব তার ভেতর দুর্বল হয়ে পড়ে।

ইসলামের খুঁটিগুলো হলো : **কালিমা, নামায, রোযা, হজ** এবং **যাকাত**।



**ইসলামের দ্বিতীয় স্তম্ভ বা খুঁটি নামায।**

আমরা নামায নিয়েই আলোচনা করব। নামাযের জন্য প্রথমে পবিত্র হতে হবে।

**পবিত্র হওয়ার তিনটি উপায় :**

- ✓ ১। অযুর মাধ্যমে।
- ✓ ২। গোসলের মাধ্যমে।
- ✓ ৩। তায়াম্মুমের মাধ্যমে।

আমরা যখন নামায শুরু করি, তখন اَللّٰهُ اَكْبَرُ বলি। এটার নাম **তাকবীর**।

নামাযে প্রত্যেকবার উঠা-বসার সময় আমরা তাকবীর বলে থাকি।

اَللّٰهُ اَكْبَرُ-এর অর্থ : আল্লাহ সবচেয়ে বড়।



## শিক্ষা

- ✓ ক্ষমতার দিকে সবচেয়ে বড়।
- ✓ জানার দিকে সবচেয়ে বড়।
- ✓ বুঝার দিকে সবচেয়ে বড়।
- ✓ তাঁর নির্দেশ সবচেয়ে বড়।

যিনি সবচেয়ে বড়—আমরা তাঁর ইবাদত শুরু করেছি। এখন শুধু তাঁর বড়ত্ব নিয়েই ভাবতে হবে। এখন অন্যকিছু করা, অন্যকিছু ভাবা নিষিদ্ধ হয়ে গিয়েছে। এজন্যই এ তাকবীরকে **তাকবীরে তাহরীমা** বলে।

তাকবীরে তাহরীমার পরে আমরা সানা পড়ে থাকি।

